আমি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের হাতের তালু অপেক্ষা মোলায়েম কোনো মোটা রেশমী কাপড় কিংবা ছিকন রেশমি কাপড় স্পর্শ করিনি।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের হাতের তালু অপেক্ষা মোলায়েম কোনো মোটা রেশমী কাপড় কিংবা মিহি রেশমি কাপড় স্পর্শ করিনি। আর না এমন গন্ধ কখনো শুকেছি যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের গন্ধ অপেক্ষা অধিক সুগন্ধিযুক্ত। আমি দশ বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের খিদমত করেছি। তিনি কখনো আমাকে উফ্ বলেন নি। তিনি কখনও আমাকে যে কাজটি করেছি সেটার জন্যে বলেননি, কেন করেছ? অনুরূপ যে কাজটি করিনি সেটার জন্যে, কেন তুমি এরূপ কর নি? [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের হাত অপেক্ষা মোলায়েম কোনো মোটা রেশমী কাপড় কিংবা মিহি রেশমি কাপড় স্পর্শ করিনি। আনাস ইবন মালিক দশ বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের খিদমত করেছেন। সুতরাং তিনি দেখেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের হাত সবচেয়ে মোলায়েম ছিল। এমনিভাবে তাঁর শরীরের গন্ধও সুগন্ধময় ছিল। আর তিনি না এমন গন্ধ কখনো শুকেছেন যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের গন্ধ অপেক্ষা অধিক উত্তম। তিনি বলতেন, আমি দশ বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের খিদমত করেছি। তিনি কখনো আমাকে উফ্ বলেন নি। অর্থাৎ তিনি এ সুদীর্ঘ দশ বছরে কখনো তাঁর থেকে বিরক্তি প্রকাশ করেননি। আর আমাদের কাউকে যদি কেউ এক সপ্তাহ বা তার মতো সময় খিদমত করে অবশ্যই তার থেকে কষ্ট অনুভব করে, কিন্তু আনাস রাদিয়াল্লাহু ‘আনহু দশ বছর ধরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের খিদমত করেছেন। এতদসত্ত্বেও তিনি কখনো তাকে উফ্ বলেননি। আমি যে কাজটি করেছি সেটার জন্যে তিনি বলেননি, কেন করেছ? এমনকি আনাস রাদিয়াল্লাহু ‘আনহু ইজতিহাদ করে যেসব কাজ করেছেন সেগুলোর ব্যাপারে তিনি তাকে কষ্টদায়ক কিছু বলেননি বা তাকে ধমক দেননি অথবা বলেননি যে, এ কাজটি কেন করেছ, যদিও তিনি তাঁর খাদিম ছিলেন। এমনিভাবে তিনি যে কাজটি করেন নি সেটির জন্যও কখনও বলেননি যে, কেন করো নি? এসব ছিলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের উত্তম চরিত্রের অন্যতম দিক।

http://sunnah.global/hadeeth/bn/show/6221